



মম্বুদ্বি'র পাথে পাথে



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)



সমৃদ্ধি'র পথে পথে



সমৃদ্ধি'র পথে পথে

সমৃদ্ধি কর্মসূচি'র আলোকচিত্রভিত্তিক একটি প্রকাশনা



উপদেশক

ড. মোঃ জমীম উদ্দিন

অম্পাদনা

মোঃ মার্শিয়ার রহমান

গোবুল চন্দ্র বিশ্বাস

দীপেন কুমার মাস্ত

শারমিন মূধা

অম্পাদকীয় অমপয়কারী

এইচ. এম. শাহারিয়ার

প্রচ্ছদ ও অম্পাদকীয় ডিজাইন

মবুজ চন্দ্র হাওলাদার

প্রকাশক

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পি কে এম এফ)

প্রকাশকাল

নভেম্বর ২০২১

মুদ্রণ

মাইন পাওয়ার

সূচিপত্র

মুখবন্ধ	৪
বক্তব্য	৬
সম্পাদকীয়	৮
সমৃদ্ধির পথে যাত্রা	১১
স্বাস্থ্য সুরক্ষায় সমৃদ্ধি	২৫
সুশিক্ষায় সমৃদ্ধি	৩৩
দক্ষতা উন্নয়নে সমৃদ্ধি	৪১
উদ্যোক্তা উন্নয়নে সমৃদ্ধি	৪৯
মানব মর্যাদা প্রতিষ্ঠায় সমৃদ্ধি	৫৯
সামাজিক মূলধন গঠনে সমৃদ্ধি	৬৯
পরিবেশ সংরক্ষণে সমৃদ্ধি	৭৯
প্রবীণদের সামাজিক সুরক্ষায় সমৃদ্ধি	৯১
সমৃদ্ধির পথে, সমৃদ্ধ বাংলাদেশের স্বপ্ন নিয়ে	৯৫



ড. কাজী খলীকুজ্জমান আহমদ
চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ

মুখবন্দ



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

সমাজের পিছিয়েপড়া, পিছিয়েথাকা এবং পিছিয়েরাখা মানুষদের শৃঙ্খল ভেঙে মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিত করার উপায় নিয়ে ভাবনাটি ছিল দীর্ঘদিনের। মানুষকে কেন্দ্র করে উন্নয়নমূলক প্রতিটি কর্মকাণ্ডের মধ্যেই কোথাও না কোথাও যেন আমার চাওয়ার সাথে পুরোপুরি যোগসূত্র পাচ্ছিলাম না। উন্নয়ন কর্মকাণ্ডগুলো যেন উন্নত জীবনবোধ তৈরিতে পুরোপুরি সমর্থ হচ্ছিল না এমন ভাবনা থেকেই আমার মনে ইউনিয়নভিত্তিক সমন্বিত উন্নয়নের এই ধারণার সূত্রপাত হয় ২০১০ সালের ফেব্রুয়ারি মাসের প্রথম সপ্তাহে। আমি তখন অস্ত্রোপচারের পর হাসপাতালে চিকিৎসাধীন ছিলাম। বিষয়টি নিয়ে তাৎক্ষণিকভাবে ফোনে পিকেএসএফ-এর তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক এবং পরে এক মতবিনিময় সভায় পিকেএসএফ-এর উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করি। দারিদ্র্য বিমোচন ও মানব মর্যাদা প্রতিষ্ঠার লক্ষ্যে টেকসইভাবে দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্যই পিকেএসএফ-এর জন্ম। এই উপলব্ধি থেকেই পরিবারভিত্তিক সমন্বিত উন্নয়ন ধারণার বিষয়ে সবাই আমার সঙ্গে সাহসে একমত পোষণ করেন, ব্যাপক উৎসাহ দেখান এবং চ্যালেঞ্জ গ্রহণের মাধ্যমে কর্মসূচি প্রণয়নের উদ্যোগ নেন। পিকেএসএফ-এর পরিচালনা পর্ষদ এই উদ্যোগটি অনুমোদন করে। এভাবেই দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবারসমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি সংক্ষেপে ‘সমৃদ্ধি’ নামক কর্মসূচিটি শুরু হয়। সেদিনের নতুন ধারণাটি আজ পিকেএসএফ-সহ সহযোগী সংস্থাসমূহের সকল পর্যায়ের কর্মকর্তাগণ উন্নয়নের একটি আদর্শ মডেল হিসেবে ধারণ করে তা বাস্তবায়নে নিষ্ঠার সাথে কাজ করছে। কর্মসূচিটি দেশ-বিদেশের উন্নয়ন চিন্তাবিদ ও বিভিন্ন উন্নয়ন প্রতিষ্ঠানের নিকট সমাদৃত হচ্ছে। মানব মর্যাদা প্রতিষ্ঠায় কর্মসূচিটির সফল বাস্তবায়নের প্রায় এক যুগ পার করতে যাচ্ছে বিষয়টি ভাবতেই ভালো লাগছে।

কর্মসূচিটি বাস্তবায়নের শুরুতে নির্বাচিত প্রত্যেক ইউনিয়নে শতভাগ খানা জরিপ করা হয়। জরিপের ড্যাটা সফটওয়্যারে সন্নিবেশ করা ও বিভিন্ন আঙ্গিকে তা যাচাই করে এলাকার বাস্তবতা এবং ভৌগোলিক অবস্থা ও চাহিদার আলোকে বিভিন্ন কর্মকাণ্ড গ্রহণ করা হয়। অনগ্রসর জনগোষ্ঠীর টেকসই দারিদ্র্য বিমোচন ও মানব মর্যাদা প্রতিষ্ঠার অন্যতম অনুষ্ণ

হিসেবে শিক্ষা সহায়তা, স্বাস্থ্যসেবা ও পুষ্টি, প্রশিক্ষণ, আর্থিক সহায়তা, সঞ্চয়, কৃষিভিত্তিক কার্যক্রম, পরিবেশ সংরক্ষণমূলক কার্যক্রম প্রভৃতি বাস্তবায়ন করা হয়। এছাড়াও স্থানীয় সরকারের কার্যক্রম শক্তিশালীকরণ, সামাজিক প্রতিষ্ঠান তৈরি, যুব সমাজকে সামাজিক কাজে সম্পৃক্তকরণ, প্রবীণদের কল্যাণে কার্যক্রম গ্রহণ এবং উক্ত এলাকাসমূহে বিভিন্ন উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নকারী সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানসমূহের সাথে সমন্বয় স্থাপন করার মাধ্যমে প্রয়োজনীয় অন্যান্য সুবিধাদি প্রাপ্তিতে জনগণকে সহায়তা করা হয়।

দেশের সকল ভৌগোলিক অবস্থাকে সম্পৃক্ত করে কর্মএলাকা বিস্তৃত করা হয়। বর্তমানে দেশের ৬৪টি জেলার ২০২টি ইউনিয়নে এ কর্মসূচিটি বিস্তৃত রয়েছে। কর্মসূচি বাস্তবায়নধীন এলাকাসমূহে এর কর্মকাণ্ডসমূহের বাস্তব ফলাফল ও কর্মসূচির সাথে সম্পৃক্ত জনগোষ্ঠীর মতামত জানার জন্য আমি নিজেই অনেকবার দেশের বিভিন্ন প্রান্তে সফর করি। সফরকালে এলাকার সর্বস্তরের জনগণের অবস্থা পরিদর্শনপূর্বক তাদের জন্য বিশেষ কার্যক্রম গ্রহণসহ বিরাজমান ও সম্ভাবনাময় বিভিন্ন বিষয়ে নতুন নতুন কার্যক্রম গ্রহণ করা হয়। এ সকল কার্যক্রমের মধ্যে জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলা, ডিজিটাল কার্যক্রম গ্রহণ, দুর্যোগে ক্ষতিগ্রস্ত পরিবারের জন্য পুনর্বাসনমূলক কার্যক্রম, সমাজের নিম্নস্তরে বসবাসকারী অসহায় ব্যক্তিদের জন্য পুনর্বাসন ও সঞ্চয় কার্যক্রম প্রভৃতি উল্লেখযোগ্য। আশির দশকে বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানে (BIDS) থাকা সময়ে গবেষণার সুবাদে আমি সারা বাংলাদেশ ঘুরে বেড়িয়েছি। সমৃদ্ধি কর্মসূচি পুনরায় আমাকে সেই সুযোগ করে দিয়েছে। দেশের বিভিন্ন প্রান্তে কর্মসূচিটি বাস্তবায়নের এক যুগের পথ পরিক্রমার

ছবি নিয়ে পিকেএসএফ-এর সমৃদ্ধি ইউনিট ‘সমৃদ্ধির পথে পথে’ শীর্ষক একটি প্রকাশনা তৈরি করতে যাচ্ছে, যা অত্যন্ত ভালো উদ্যোগ। এতে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের সাফল্য, বাস্তবায়নধীন কর্মকাণ্ড পরিদর্শনের জন্য সহযোগী প্রতিষ্ঠান ও সরকারের বিভিন্ন সংস্থার কর্মকর্তাদের সফরের বিবরণ এবং সর্বোপরি মাঠ পর্যায়ে দারিদ্র্য বিমোচন ও মানব মর্যাদা প্রতিষ্ঠায় এ কর্মসূচির ভূমিকার একটি চিত্র ফুটে উঠেছে, যা সকলের কাছে উৎসাহব্যাঞ্জক হবে বলে আমি আশা করি।

অবশ্য এ ছবিগুলোর পিছনের গল্প অর্থাৎ গ্রামে গ্রামে মাঠ পরিদর্শন করে স্বচক্ষে কর্মসূচিটির বাস্তবায়ন দেখতে যে পরিশ্রম হয়েছে তা এই কয়েকটি ছবি দেখে বোঝা যাবে না। নদীতে ঢেউ-এর কারণে স্পিডবোটের ভীতিপ্রদ নাচন, দীর্ঘ সময় মোটরগাড়িতে চলা, অনেক পথ পায়ে হাটা, সকাল ৮টা থেকে রাত ১০টা পর্যন্ত মাঠ পরিদর্শন ও কর্মসূচিতে অংশগ্রহণকারীদের সঙ্গে মতবিনিময় করা -- সেসব কথা এই ছবিগুলো পুরোপুরি বলছে না। কর্মসূচিটিতে অংশগ্রহণকারীদের এগিয়ে চলা দেখে তাদের কাছে পৌঁছানোর কষ্ট ভুলে যাওয়া, তাদের আর্থ-সামাজিক ইতিবাচক পরিবর্তন দেখে অনাবিল আনন্দ পাওয়ার যে গল্প -- তাও এ ছবিগুলো বলছে না। অবশ্য বিভিন্ন ছবির পাশে সংক্ষিপ্ত বিবরণ দেয়া হয়েছে। কিন্তু প্রত্যেক ছবির পিছনে পরিশ্রম ও আনন্দের গল্প রয়েছে এবং তারও পিছনে রয়েছে সকলকে অন্তর্ভুক্ত করে বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার লক্ষ্যে এক অঙ্গীকারবদ্ধ প্রয়াস।

এই দলিল প্রণয়নের বিভিন্ন পর্যায়ে যাঁরা জড়িত রয়েছেন তাঁদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং এই কর্মসূচির উত্তরোত্তর সাফল্য কামনা করছি।



ড. মোঃ জসীম উদ্দিন
অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক

বক্তব্য



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় বাংলাদেশের উত্তরণ ঘটেছে স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে। যুদ্ধবিধ্বস্ত দেশ থেকে মধ্য আয়ের দেশে উন্নীত হওয়ার যোগ্যতা অর্জন করেছে। স্বপ্নের সীমানা ছাড়িয়ে বাংলাদেশ আজ বিশ্বের বিস্ময়। উন্নয়নের রোল মডেল। এ সবই সম্ভব হয়েছে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বের জন্য। তাঁর সরকারের প্রগতিশীল উন্নয়ন কৌশল, দারিদ্র্য বিমোচনে অভাবনীয় অগ্রগতি, ক্রমবর্ধমান অর্থনৈতিক প্রবৃদ্ধি বাংলাদেশকে দ্রুত উন্নয়নের পথে এগিয়ে নিয়ে চলেছে। রূপকল্প ২০২১, ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন এবং ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ দেশে পরিণত হওয়ার লক্ষ্যে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ।

সরকারের সহযোগী হিসেবে উন্নয়ন কর্মকাণ্ডসমূহকে ত্বরান্বিত করে কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে ১৯৯০ সালে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) যাত্রা শুরু করে। লক্ষ্য অর্জনে প্রাথমিকভাবে পিকেএসএফ সহযোগী সংস্থাসমূহের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর জন্য শুধু ঋণ কার্যক্রম পরিচালনা করেছে।

২০১০ সালের পর দারিদ্র্যের বহুমাত্রিকতা বিষয়টি বিশেষভাবে পিকেএসএফ-এর বিবেচনায় আসে। শুধু ঋণের মাধ্যমে দারিদ্র্য হ্রাস করা সম্ভব নয় এবং অনেক ক্ষেত্রে ঋণ দিয়ে দারিদ্র্য দূরীকরণের বিষয়টি অসম্ভব বলে প্রতীয়মান হয়। শুরু হয় বিভিন্ন দরিদ্র জনগোষ্ঠীর জন্য নানাবিধ উপযুক্ত ঋণ, তার সাথে কারিগরি সহায়তা, প্রশিক্ষণ ও বাজারজাতকরণের তথ্য প্রদান, স্বাস্থ্য, পুষ্টি, শিক্ষাসহ দরিদ্র মানুষের জীবন-জীবিকা সংশ্লিষ্ট অন্যান্য অনুষঙ্গ নিয়ে সমন্বিত কর্মসূচি গ্রহণের ভাবনা। এ ভাবনার মূলে ছিলেন পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের বর্তমান চেয়ারম্যান ও বিশিষ্ট অর্থনীতিবিদ ড. কাজী খলীকুজ্জমান আহমদ। তাঁর দিক নির্দেশনায় পিকেএসএফ ২০১০ সাল থেকে তৃণমূল পর্যায়ে দরিদ্র পরিবারকে লক্ষ্য করে সামগ্রিকভাবে দারিদ্র্য বিমোচনের জন্য “দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবারসমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি)” ইংরেজিতে Enhancing Resources and Increasing Capacities of Poor Households Towards Elimination of their

Poverty (ENRICH) শীর্ষক একটি সমন্বিত কর্মসূচি গ্রহণ করে। বঙ্গবন্ধুর ঘোষণা ‘এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম’, স্বাধীনতার ঘোষণাপত্রে অঙ্গীকারকৃত বৈষম্য দূরীকরণ এবং সবার মানবাধিকার ও মানবমর্যাদা প্রতিষ্ঠা এবং বর্তমান সরকারের রূপকল্প ২০২১-এ বিধৃত অসাম্প্রদায়িক অগ্রসরমান কল্যাণরাষ্ট্র গড়ে তোলার ধারণা এই কর্মসূচিতে প্রতিফলিত হয়েছে। টেকসই দারিদ্র্য দূরীকরণ ও উন্নয়নের এই কর্মসূচি বর্তমানে দেশের ৬৪টি জেলার ১৬৭টি উপজেলার ২০২টি ইউনিয়নে বাস্তবায়িত হচ্ছে। এই কর্মসূচির আওতায় প্রায় ১২.৫২ লক্ষ খানার ৫৬.৩৪ লক্ষ সদস্যকে বিভিন্ন ধরনের সেবা প্রদান করা হচ্ছে। সমৃদ্ধি কর্মসূচির রূপকার মাননীয় চেয়ারম্যান মহোদয়ের উন্নয়ন দর্শনের মূলে রয়েছে মানুষ। শুধু শিক্ষা বা স্বাস্থ্য অথবা অন্য একক কোনো অনুষঙ্গ নিয়ে খণ্ডিতভাবে কাজ করলে দীর্ঘ মেয়াদে টেকসই উন্নয়ন সম্ভব নয়। উন্নয়ন হতে হবে মানবকেন্দ্রিক এবং মানুষের জীবনের প্রতিটি স্তরের চাহিদাকে মোকাবিলার জন্য তা হতে হবে সমন্বিত। সেই জন্যে মানব জীবনচক্রের সকল ধাপ এবং সমগ্র মানবজীবনকে সমৃদ্ধ করার নানা অভীষ্ট-সমন্বিত এ কর্মসূচিতে রয়েছে প্রায় ৩০টি অনুষঙ্গ। যেখানে যে সকল অনুষঙ্গ প্রাসঙ্গিক, সেখানে সেই অনুষঙ্গগুলোর ওপরই জোর দেয়া হয়। সমৃদ্ধি কর্মসূচির আওতায় বিভিন্ন উদ্ভাবনী কর্মকাণ্ড উৎসাহিত করা হয়। বস্তুত, বাস্তবায়নকারী সহযোগী সংস্থা ও অংশগ্রহণকারী মানুষের সৃজনশীলতা ধারণ করার ক্ষেত্রে নমনীয়তা এই কর্মসূচির একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য। কর্মসূচির আওতায় পরিচালিত স্বাস্থ্যসেবা, শিক্ষা সহায়তা, কমিউনিটিভিত্তিক উন্নয়ন, সমৃদ্ধি বাড়ি

তৈরি, ভিক্ষুক পুনর্বাসন, যুব উন্নয়ন কার্যক্রমসমূহের সুফল বর্তমানে দৃশ্যমান এবং বিভিন্ন মহলে প্রশংসিত হচ্ছে। সমৃদ্ধি কর্মসূচির এই যে বহুমাত্রিকতা এবং সামগ্রিকতা তা অর্জিত হয়েছে এর পথদ্রষ্টা মাননীয় চেয়ারম্যান মহোদয়ের প্রত্যক্ষ নির্দেশনায়। চেয়ারম্যান মহোদয় ২০১০ সাল থেকে দেশের বিভিন্ন এলাকায় সমৃদ্ধি কর্মসূচি পরিদর্শন করেছেন। উত্তাল মেঘনা নদী পাড়ি দিয়ে নিঝুমদ্বীপ বা কুতুবদিয়ার উত্তর ধুরং, পাহাড়ি পথের খাগড়াছড়ি, রাঙামাটি বা সুদূরের পঞ্চগড়, গাইবান্ধায় নিরলসভাবে পথ চলেছেন তিনি। তাঁর সাথে পথ চলতে চলতে সমৃদ্ধি হবার সৌভাগ্য অর্জন করেছি আমরাও। সমৃদ্ধি কর্মসূচির এ যাবৎ অর্জিত সফলতায় এতে অংশগ্রহণকারী সকল মানুষের মধ্যে ইতোমধ্যে একটি ভরসার জায়গা তৈরি হয়েছে বলে তারা আত্মহত্বের চেয়ারম্যান মহোদয়কে জানান। সমৃদ্ধি কর্মসূচির মাধ্যমে নিজেদের সমৃদ্ধি ভবিষ্যৎ গড়তে তাদের মধ্যে ব্যাপক সাড়া ও উৎসাহ পরিলক্ষিত হয়। এর জন্য আমি ব্যক্তিগতভাবে খুবই আনন্দিত। সরকারের সহায়তা, পিকেএসএফ-এর দক্ষ জনবল এবং গতিশীল সকল সহযোগী সংস্থা এই অগ্রযাত্রায় শক্তি ও সামর্থ্য যুগিয়েছে।

সমৃদ্ধি’র পথচলার এক দশক পূর্তি উপলক্ষ্যে প্রকাশিতব্য চেয়ারম্যান মহোদয় ও পিকেএসএফ-এর উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষের মাঠ-পর্যায়ের পরিদর্শনের সচিত্র প্রামাণ্য গ্রন্থ “সমৃদ্ধির পথে পথে” এই কর্মসূচির সাথে সম্পৃক্ত সকলের সামনে মেলে ধরবে সুখময় স্মৃতির জানালা আর জোগান দেবে দৃষ্ট পদক্ষেপে এগিয়ে যাবার প্রত্যয়।



সম্পাদকীয়

এই যে জীবনের বিপুল ও মনোরম সমারোহ, তা অনুভবের জন্য চাই একটি সমৃদ্ধ জীবন। দারিদ্র্য একজন মানুষের সুযোগগুলোকে সংকুচিত করে, আর তাকে মুখোমুখি করে গভীর ও নিদারুণ এক হীনতার। সেই সঙ্কীর্ণ জীবন, মলিন জীবন আমাদের কারোই কাম্য নয়। তাই দারিদ্র্যের নিগড় ভেঙে মানুষের সামনে তার অব্যবহৃত সম্ভাবনা মেলে ধরার ভাবনা থেকেই ২০১০ সালে সমৃদ্ধি কর্মসূচির রূপরেখা প্রণয়ন করেন পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ।

একজন উন্নয়ন দার্শনিক হিসেবে তিনি যথার্থই উপলব্ধি করতে পেরেছিলেন যে, কেবল আর্থিক সহায়তার মাধ্যমে একজন মানুষকে দারিদ্র্যের শৃঙ্খল থেকে পুরোপুরি মুক্ত করা সম্ভব নয়। এজন্য চাই জীবনের বিভিন্ন গুরুত্বপূর্ণ অনুষ্টিসমূহকে অন্তর্ভুক্ত করে একটি সমন্বিত পরিকল্পনা। আর সেই পরিকল্পনাকে তিনি বাস্তবে রূপ দিয়েছিলেন 'সমৃদ্ধি' কর্মসূচির মাধ্যমে।

'সমৃদ্ধি' কর্মসূচির একটি অনন্য বৈশিষ্ট্য হচ্ছে, এর সকল কার্যক্রম সাজানো হয়েছে মানুষকে কেন্দ্র করে। দারিদ্র্য দূরীকরণের মাধ্যমে মানবমর্যাদা প্রতিষ্ঠা করার অভীষ্ট লক্ষ্য নিয়ে বর্তমানে এই কর্মসূচি দেশব্যাপী ২০২টি ইউনিয়নে বাস্তবায়িত হচ্ছে। এই কর্মসূচির আওতায় দরিদ্র মানুষের টেকসই দারিদ্র্য বিমোচনে তাদের সম্পদ বৃদ্ধির পাশাপাশি সক্ষমতা বৃদ্ধির ওপরও জোর দেয়া হচ্ছে।

এগারো বছর আগে মাননীয় চেয়ারম্যান স্যারের মানসে অঙ্কুরিত সেই স্বপ্নের বীজ আজ এক মহীরুহে পরিণত হয়েছে। সারা দেশের প্রায় ৬০ লক্ষ মানুষ এই কর্মসূচির সাথে সম্পৃক্ত। তবে এই রূপান্তরের পেছনে রয়েছে অনেক গল্প। মাননীয় চেয়ারম্যান স্যার তাঁর স্বপ্নকে হৃদয়ে ধারণ করে ছুটে গেছেন দেশের বিভিন্ন প্রান্তে। অনেক প্রত্যন্ত অঞ্চলে যাওয়ার জন্য তাঁকে পাড়ি দিতে হয়েছে বন্ধুর পথ। কিন্তু তিনি কখনোই পিছপা হননি, বরং লক্ষ্যে অটল থেকে দৃষ্টান্তে সামনে এগিয়ে গেছেন। মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শনকালে তিনি দেশের বিভিন্ন অঞ্চলের দরিদ্র মানুষের সাথে কথা বলেছেন, তাদের সমস্যাগুলো আরো নিবিড়ভাবে বুঝতে চেয়েছেন এবং প্রতিটি ক্ষেত্রে প্রয়োজনীয় দিকনির্দেশনা দিয়ে 'সমৃদ্ধি' ইউনিটের কর্মকর্তাদের ঋদ্ধ করেছেন।

'সমৃদ্ধি' ইউনিট থেকে সেইসব স্মৃতিকে ধরে রাখার উদ্দেশ্যে চেয়ারম্যান স্যারসহ গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের মাঠপর্যায়ে সফরের বিভিন্ন আলোকচিত্র সম্বলিত 'সমৃদ্ধির পথে পথে' শীর্ষক এই সচিত্র প্রামাণ্য গ্রন্থ প্রকাশ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন স্যারের অনুপ্রেরণায় এবং তাঁর সার্বিক তত্ত্বাবধানে এই প্রকাশনাটি প্রস্তুত করা হয়েছে। এই প্রকাশনার মাধ্যমে বাংলাদেশের উন্নয়ন ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ অধ্যায়কে ধারণ করতে পেরে 'সমৃদ্ধি' পরিবার আজ আনন্দিত ও গর্বিত।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর সমৃদ্ধি কর্মসূচি বিষয়ে আলোচনা ও মতামত প্রদানের জন্য বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্ট ব্যক্তিবর্গের অংশগ্রহণে পিকেএসএফ ভবনে এক গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ, মাননীয় সংসদ সদস্য ও তথ্য ও যোগাযোগপ্রযুক্তি প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, মাননীয় সংসদ সদস্য জনাব রাশেদ খান মেনন, গণসাক্ষরতা অভিযান-এর নির্বাহী পরিচালক ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা জনাব রাশেদা কে. চৌধুরী, বিশিষ্ট অর্থনীতিবিদ ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দীন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. এম. এম. আকাশসহ আরও অনেকে। উক্ত বৈঠকে সভাপতিত্ব করেন সাবেক অর্থমন্ত্রী ও পিকেএসএফ-এর প্রাক্তন চেয়ারম্যান জনাব এম. সাইদুজ্জামান। বৈঠকের শুরুতে পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ 'সমৃদ্ধি' কর্মসূচির একটি সারসংক্ষেপ উপস্থাপন করেন।

॥ ছবি: ২৩ মে ২০১০ ॥





ইউনিয়ন পর্যায়ে সমৃদ্ধি কর্মসূচির প্রথম মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। টাঙ্গাইল জেলার সদর উপজেলার দাইন্যা ইউনিয়নে আয়োজিত এই সভার আয়োজন করে সহযোগী সংস্থা 'সোসাইটি ফর সোসাইটি সার্ভিস (এসএসএস)'।

॥ ছবি: ২১ মে ২০১০ ॥



ঢাকা জেলার ধামরাই উপজেলাধীন সোমভাগ ইউনিয়নে সমৃদ্ধি কর্মসূচি নিয়ে আয়োজিত প্রথম ইউনিয়ন পর্যায়ের সভার পর ফটোসেশনে পিকেএসএফ-এর তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক ড. কাজী মেসবাহউদ্দিন আহমদ এবং পিকেএসএফ-এর তৎকালীন উপ-ব্যবস্থাপনা পরিচালক ও বর্তমান পর্যদ সদস্য জনাব পারভীন মাহমুদ।

॥ ছবি: ডিসেম্বর ২০১০ ॥



সমৃদ্ধি কর্মসূচি বাস্তবায়ন কৌশল প্রণয়নের লক্ষ্যে সহযোগী সংস্থার প্রতিনিধিদের নিয়ে পিকেএসএফ ভবনে একটি কর্মশালার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন পিকেএসএফ-এর তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক ড. কাজী মেসবাহ উদ্দিন আহমদ।

॥ ছবি: ১৪ অক্টোবর ২০১০ ॥



পিকেএসএফ ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে সহযোগী সংস্থার প্রধান নির্বাহী কর্মকর্তাদের হাতে স্বাস্থ্য উপকরণ তুলে দেন পিকেএসএফ-এর সম্মানিত চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পিকেএসএফ-এর তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক ড. কাজী মেসবাহ উদ্দিন আহমদ।

॥ ছবি: ১৩ অক্টোবর ২০১১ ॥



সহযোগী সংস্থা ‘এসকেএস ফাউন্ডেশন’ আয়োজিত সম্মুখি কর্মসূচির একটি সদস্য সমাবেশে বক্তব্য রাখছেন পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। এ সময় তাঁর সাথে উপস্থিত ছিলেন জাতীয় সংসদের ডেপুটি স্পিকার অ্যাডভোকেট ফজলে রাব্বী মিয়া, পিকেএসএফ-এর তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক জবাব মোঃ আবদুল করিম এবং পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।

॥ ছবি: ১৬ অক্টোবর ২০১৪ ॥



মাঠে দর্শনে পরিদর্শন

॥ ছবি: ১২ জুন ২০১৫ ॥


পিকেএসএফ-এর সম্মানিত চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ ও জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি) বাংলাদেশ-এর কান্ট্রি ডিরেক্টর জনাব পলিন থেমিসিস চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নে সহযোগী সংস্থা 'ওয়েভ ফাউন্ডেশন' কর্তৃক বাস্তবায়নাধীন 'সমৃদ্ধি' কর্মসূচির বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন। এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পিকেএসএফ-এর তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আবদুল করিম, পিকেএসএফ-এর সাবেক সাধারণ পর্ষদ সদস্য জনাব মুন্সি ফয়েজ আহমেদ, এবং পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।



পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ ও পিকেএসএফ-এর পরিচালনা পর্ষদের সম্মানিত ছয় জন সদস্য সহযোগী সংস্থা 'সজাগ' কর্তৃক ঢাকা জেলার ধামরাই উপজেলাধীন সোমভাগ ইউনিয়নে সমৃদ্ধি কর্মসূচির আওতায় বাস্তবায়নাধীন বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন। এ সময় অন্যান্যদের মধ্যে পিকেএসএফ-এর তৎকালীন পর্ষদ সদস্য ও বাংলাদেশ ব্যাংকের সাবেক ডেপুটি গভর্নর প্রয়াত খোন্দকার ইব্রাহিম খালেদ, পিকেএসএফ-এর তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আবদুল করিম এবং পিকেএসএফ-এর বর্তমান অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন উপস্থিত ছিলেন।



।। ছবি: ১৭ ডিসেম্বর ২০১৬ ।।



স্বাস্থ্য সুরক্ষায় সমৃদ্ধি



সমৃদ্ধিভুক্ত ইউনিয়নগুলোতে বিস্তৃত পরিসরে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়ে থাকে। সাধারণ ও বিশেষজ্ঞ চিকিৎসকদের মাধ্যমে ইউনিয়নের বাসিন্দাদের দোরগোড়ায় স্বাস্থ্য ও চিকিৎসাসেবা পৌঁছে দেওয়া হয়। স্বাস্থ্যসেবায় সংশ্লিষ্ট পরিবারসমূহের সদস্যদের অভিগম্যতা বৃদ্ধি করা এই কার্যক্রমের অন্যতম প্রধান লক্ষ্য।



সহযোগী সংস্থা 'ইয়ং
পাওয়ার ইন সোশ্যাল
অ্যাকশন (ইপসি)' কর্তৃক
বাস্তবায়নাধীন সমৃদ্ধি
কর্মসূচিভুক্ত খাগড়াছড়ি
জেলার পানছড়ি
উপজেলার পানছড়ি
ইউনিয়নে কর্মরত সকল
পর্যায়ের কর্মকর্তাদের সাথে
মতবিনিময় সভা শেষে
বিজয়ের সংকল্প নিয়ে
ফটোসেশনে অংশগ্রহণ
করেন পিকেএসএফ-
এর সম্মানিত চেয়ারম্যান
ড. কাজী খলীকুজ্জমান
আহমদ।



॥ ছবি: ১৯ মে ২০১৭ ॥

পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার চান্দী ইউনিয়নে সহযোগী সংস্থা 'দ্বীপ উন্নয়ন সংস্থা' কর্তৃক বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসূচির বিভিন্ন কার্যক্রম পরিদর্শনকালে তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানান উক্ত ইউনিয়নে কর্মরত স্বাস্থ্য কর্মকর্তা ও স্বাস্থ্য পরিদর্শকগণ। এ সফরে তাঁর সাথে ছিলেন পিকেএসএফ-এর সাধারণ পর্যদের সদস্যবৃন্দ এবং দেশের স্বনামধন্য প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।



॥ ছবি: ২৫ অক্টোবর ২০১৮ ॥



॥ ছবি: ২৪ অক্টোবর ২০১৮ ॥

লক্ষ্মীপুর জেলার সদর উপজেলার লাহারকান্দি ইউনিয়নে সহযোগী সংস্থা 'সোপিরেট' কর্তৃক বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসূচির স্বাস্থ্যসেবা কার্যক্রমের আওতায় আয়োজিত 'বিশেষ মেডিসিন চিকিৎসা ক্যাম্প' পরিদর্শন করেন পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। এ সময় তাঁর সাথে উপস্থিত ছিলেন পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।



স্বাস্থ্য সচেতনতায় 'সমৃদ্ধি'

॥ ছবি: ২৪ অক্টোবর ২০১৮ ॥


লক্ষীপুর জেলার সদর উপজেলার লাহারকান্দি ইউনিয়নে সহযোগী সংস্থা 'সোপিরেট' কর্তৃক বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসূচির স্বাস্থ্যসেবা কার্যক্রমের আওতায় আয়োজিত উঠোন বৈঠক চলাকালে ইউনিয়নের বাসিন্দাদের সাথে মতবিনিময় করেন পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। এ সময় তাঁর সাথে উপস্থিত ছিলেন পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।



খুলনা জেলার বটিয়াঘাটা উপজেলার জলমা ইউনিয়নে বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসূচির স্বাস্থ্য কার্যক্রমের আওতায় আয়োজিত স্বাস্থ্য ক্যাম্প পরিদর্শনকালে রক্তচাপ পরীক্ষা করছেন পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। এ সময় অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।

সমৃদ্ধি'র স্বাস্থ্য ক্যাম্প পরিদর্শন

॥ ছবি: ২৭ ফেব্রুয়ারি ২০১৭ ॥



প্রাথমিক পর্যায় থেকে শিক্ষার্থীদের ঝরে পড়া রোধ করতে প্রাক-প্রাথমিক থেকে শুরু করে ১ম ও ২য় শ্রেণির শিক্ষার্থীদের সমৃদ্ধির বৈকালিক শিক্ষা সহায়তা কেন্দ্রে পাঠদান করা হয়। এসব কেন্দ্রে বিন্যাসের পড়া তৈরি করে দেয়া, কবিতা আবৃত্তি, নাচ, গান, চিত্রাঙ্কন ইত্যাদি সহশিক্ষা কর্মকাণ্ডে শিক্ষার্থীদের উৎসাহ দেয়া হয়। শিক্ষার্থীদের সৃজনশীলতা বিকাশে এ কেন্দ্রগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।



পিকেএসএফ-এর সম্মানিত চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ, প্রধানমন্ত্রীর কার্যালয়ের তৎকালীন এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক জনাব মোঃ আবুল কালাম আজাদ, এনজিও বিষয়ক ব্যুরোর তৎকালীন মহাপরিচালক জনাব খন্দকার রাফিকুর রহমান, এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের তৎকালীন যুগ্মসচিব জনাব মোঃ মোকাম্মেল হোসেন ঢাকা জেলার ধামরাই উপজেলাধীন সমৃদ্ধি কর্মসূচিভুক্ত সোমভাগ ইউনিয়নে সহযোগী সংস্থা 'সজাগ' কর্তৃক পরিচালিত একটি বৈকালিক শিক্ষাকেন্দ্র পরিদর্শনকালে শিক্ষার্থীদের সাথে শপথ পাঠে অংশগ্রহণ করেন। এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পিকেএসএফ-এর তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আবদুল করিম, পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন এবং পিকেএসএফ-এর সম্মানিত পর্যদ সদস্যবৃন্দ।



॥ ছবি: ০২ জুন ২০১৭ ॥



॥ ছবি: ২০ মে ২০১৭ ॥

শিশু শিক্ষার্থীদের কাছ থেকে ফুলেল শুভেচ্ছা গ্রহণ করছেন পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। তিনি সহযোগী সংস্থা 'ইয়ং পাওয়ার ইন সোশ্যাল অ্যাকশন (ইপসা)' কর্তৃক বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসূচিভূক্ত চট্টগ্রাম জেলার সীতাকুণ্ড উপজেলার সৈয়দপুর ইউনিয়নের জবাবুল বৈকালিক পাঠদান কেন্দ্র পরিদর্শনকালে ছবিটি তোলা হয়।



॥ ছবি: ২০ মে ২০১৭ ॥

চট্টগ্রাম জেলার সীতাকুণ্ড উপজেলার সৈয়দপুর ইউনিয়নে সহযোগী সংস্থা 'ইয়ং পাওয়ার ইন সোশ্যাল অ্যাকশন (ইপসা)' কর্তৃক পরিচালিত জবাবুল বৈকালিক পাঠদান কেন্দ্রের শিক্ষার্থীদের সাথে আনন্দঘন ফটোসেশনে পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। এ সময় উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ ড. জাহেদা আহমদ এবং পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।



সুশিক্ষায় 'সমৃদ্ধি'

॥ ছবি: ১৬ অক্টোবর ২০১৪ ॥

সহযোগী সংস্থা 'এসকেএস ফাউন্ডেশন' পরিচালিত একটি সমৃদ্ধি শিক্ষাকেন্দ্র পরিদর্শনকালে শিক্ষার্থীদের পাঠদান পদ্ধতি নিয়ে শিক্ষকদের দিকনির্দেশনা দিচ্ছেন পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। এ সময় তাঁর সাথে উপস্থিত ছিলেন জাতীয় সংসদের ডেপুটি স্পিকার অ্যাডভোকেট ফজলে রাব্বী মিয়া, পিকেএসএফ-এর তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আবদুল করিম এবং পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।



নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার হরণী গ্রামে সহযোগী সংস্থা 'দ্বীপ উন্নয়ন সংস্থা'র নিজস্ব অর্থায়নে পরিচালিত একটি শিক্ষাকেন্দ্র পরিদর্শনকালে শিশুদের মাঝে হাস্যোজ্জ্বল ভঙ্গিতে পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ।

সুশিক্ষায় 'সমৃদ্ধি'

॥ ছবি: ১৬ জানুয়ারি ২০১৭ ॥



দক্ষতা উন্নয়নে সমৃদ্ধি



সমৃদ্ধি কর্মসূচিভুক্ত ইউনিয়নসমূহে যুবদের তৈরিক উন্নয়ন, নেতৃত্ব-বিকাশ ও টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণে সহায়তা প্রদানের লক্ষ্যে 'উন্নয়নে যুব সমাজ' শীর্ষক কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এ কার্যক্রমের আওতায় যুবদের বিভিন্ন ধরনের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবলে পরিণত করে তাদের কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগ গ্রহণ করা হয়।

মৌলভীবাজার জেলার রাজনগর
উপজেলাধীন পাঁচগাঁও ইউনিয়নে
সমৃদ্ধি কর্মসূচির আওতায়
পিকেএসএফ-এর আর্থিক সহায়তায়
বাংলাদেশ-জার্মান সম্প্রীতি (বিজিএস)
পরিচালিত 'ইন্ডাস্ট্রিয়াল ড্রেস মেকিং
এন্ড টেইলারিং প্রশিক্ষণ' এর উদ্বোধনী
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে
উপস্থিত ছিলেন পিকেএসএফ-
এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী
খলীকুজ্জমান আহমদ। এই অনুষ্ঠানে
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন
পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা
পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।

।। ছবি: ০৪ ফেব্রুয়ারি ২০১৬ ।।



মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলাধীন
পাঁচগাঁও ইউনিয়নে সমৃদ্ধি কর্মসূচির আওতায়
পিকেএসএফ-এর আর্থিক সহায়তায়
বাংলাদেশ-জার্মান সম্প্রীতি (বিজিএস)
পরিচালিত 'ইন্ডাস্ট্রিয়াল ড্রেস মেকিং এ্যান্ড
টেইলারিং প্রশিক্ষণ' চলাকালে প্রশিক্ষণ
কার্যক্রম পরিদর্শন করেন পিকেএসএফ-এর
মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান
আহমদ। উক্ত পরিদর্শনে বিশিষ্ট শিক্ষাবিদ ড.
জাহেদা আহমদ, পিকেএসএফ-এর অতিরিক্ত
ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।

।। ছবি: ০৪ ফেব্রুয়ারি ২০১৬ ।।





দক্ষতা উন্নয়নে 'সমৃদ্ধি'

॥ ছবি: ০৬ জুন ২০১৭ ॥

টাঙ্গাইলের মির্জাপুর উপজেলাধীন সখিপুরে সহযোগী সংস্থা 'বাংলাদেশ অ্যাসোসিয়েশন ফর সোশ্যাল অ্যাড-ভান্সমেন্ট (বাসা)' কর্তৃক আয়োজিত একটি উন্নয়ন মেলায় সমৃদ্ধি কর্মসূচির আওতায় সংগঠিত যুবদের সামাজিক কর্মকাণ্ডের বিভিন্ন তথ্য ও যোগাযোগ উপকরণ নিয়ে সাজানো একটি স্টল পরিদর্শন করছেন পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ।



টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলার পেকুয়ায় অবস্থিত সহযোগী সংস্থা 'বাংলাদেশ অ্যাসোসিয়েশন ফর সোশ্যাল অ্যাডভান্সমেন্ট (বাসা)' - এর একটি প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র পরিদর্শন শেষে ফটোসেশনে অংশগ্রহণ করেন পিকেএসএফ-এর সম্মানিত চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ ড. জাহেদা আহমদ এবং পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।

দক্ষতা উন্নয়নে 'সমৃদ্ধি'

॥ ছবি: ০৬ জুন ২০১৯ ॥



উদ্যোক্তা উন্নয়নে সমৃদ্ধি



সংশ্লিষ্ট পরিবারের আর্থ-সামাজিক উন্নয়নে এবং পরিপার্শ্বিক বাস্তবতার বিরুদ্ধে বিভিন্ন আর্থিক ও প্রাতিষ্ঠানিক সহায়তা এবং সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়। এই কার্যক্রমের আওতায় নমনীয় ঋণসহ নতুন উদ্যোগে বিভিন্নমুখী ঋণ/অনুদান সহায়তা প্রদান করা হয়। সমৃদ্ধি'র আওতায় তিন ধরনের ঋণ প্রদান করা হয়, যথা: আয়বৃদ্ধিমূলক-কার্যক্রম ঋণ, জীবনযাত্রার মনোবৃত্তন ঋণ ও সম্পদ সৃষ্টি ঋণ।



পাবনা জেলার ঈশ্বরদী
উপজেলার ছলিমপুর
ইউনিয়নে সহযোগী সংস্থা
'নিউ এরা ফাউন্ডেশন'
কর্তৃক বাস্তবায়নাধীন সমৃদ্ধি
কর্মসূচির বিভিন্ন কার্যক্রম
পরিদর্শনকালে ফেরোমন
ফাঁদ ব্যবহার করে বিষমুক্ত
সবজি চাষ করে সাফল্য
অর্জনকারী একজন নারী
উদ্যোক্তার সাথে কথা
বলছেন পিকেএসএফ-এর
সম্মানিত চেয়ারম্যান ড.
কাজী খলীকুজ্জমান আহমদ।
এ সময় তাঁর সাথে ছিলেন
পিকেএসএফ-এর অতিরিক্ত
ব্যবস্থাপনা পরিচালক ড.
মোঃ জসীম উদ্দিন।



॥ ছবি: ০৯ মে ২০১৫ ॥



চুয়াডাঙা জেলার জীবননগর উপজেলাধীন সীমান্ত ইউনিয়নে সহযোগী সংস্থা 'ওয়েভ ফাউন্ডেশন' কর্তৃক সমৃদ্ধি কর্মসূচির আওতায় স্থাপিত সমৃদ্ধ বাড়িতে সবজি চাষ ও পশুপালনের মাধ্যমে সচ্ছলতা অর্জন করা একটি পরিবারের সাথে পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ।



মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলায় পিকেএসএফ-এর অর্থায়নে সহযোগী সংস্থা 'হীড বাংলাদেশ' কর্তৃক বাস্তবায়নাধীন টার্কি মুরগির খামার পরিদর্শন করছেন পিকেএসএফ-এর সম্মানিত চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। এ সময় উপস্থিত ছিলেন পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।



পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান
 ড. কাজী খলীকুজ্জমান আহমদ
 চট্টগ্রাম জেলার সাতকানিয়া উপজেলায়
 পিকেএসএফ-এর অর্থায়নে সহযোগী
 সংস্থা 'আইডিএফ' কর্তৃক 'রেড
 টিটাগাং ক্যাটেল (আরসিজি)' খামার
 ও প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করেন।
 খামার পরিদর্শনকালে তিনি প্রশিক্ষণ
 গ্রহণকারী ৪ জন সদস্যের মাঝে ৪টি
 আরসিজি প্রজাতির বাছুর বিতরণ করেন।
 উক্ত পরিদর্শনে তাঁর সাথে ছিলেন
 বিশিষ্ট শিক্ষাবিদ ড. জাহেদা আহমদ,
 পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা
 পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন,
 ইউনিয়ন পরিষদ সদস্য জনাব আব্দুল
 মান্নান এবং আইডিএফ-এর নির্বাহী
 পরিচালক জনাব জহিরুল আলম।

॥ ছবি: ১৭ মার্চ ২০১৭ ॥

ঢাকা জেলার ধামরাহি উপজেলাধীন সোমভাগ ইউনিয়নে সহযোগী সংস্থা 'সজাগ' কর্তৃক বাস্তবায়িত দক্ষতা উন্নয়ন কার্যক্রমের আওতায় পরিচালিত একটি গবাদি পশু প্রজনন কেন্দ্র পরিদর্শন করেন পিকেএসএফ-এর সম্মানিত চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। এ সময় তাঁর সাথে ছিলেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের তৎকালীন এসডিভি বিষয়ক মুখ্য সমন্বয়ক জনাব মোঃ আবুল কালাম আজাদ, এনজিও বিষয়ক ব্যুরোর তৎকালীন মহাপরিচালক জনাব খন্দকার রাফিকুর রহমান এবং পিকেএসএফ-এর তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আবদুল করিম।

॥ ছবি: ০২ জুন ২০১৭ ॥



মানব মর্যাদা প্রতিষ্ঠায় সমৃদ্ধি



এই কার্যক্রমের আওতায় জাতিসংঘের টেকসই উন্নয়ন অজিষ্ঠের মূল সূত্র 'কাডিকে পেছনে ফেলে নয়' ধারণা সামনে রেখে সমাজের সবচেয়ে পিছিয়েপড়া জনগোষ্ঠী তথা ভিক্ষুকদের মানব মর্যাদা প্রতিষ্ঠার লক্ষ্যে তাদের আয়বৃদ্ধিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ত করা হয়। পুনর্বাসিত ভিক্ষুকদের ১ লাখ টাকা মূল্যের সম্পদ প্রদান করা হয় এবং এই সম্পদ যাতে টেকসই আয়বৃদ্ধিমূলক কাজে বিনিয়োগ করা হয় তা নিশ্চিত করার লক্ষ্যে সহযোগী সংস্থাসমূহ নিবিড়ভাবে তদারকি করে থাকে।



মাতবর্য়ানা প্রতিষ্ঠায় সমৃদ্ধি

॥ ছবি: ১৯ শে মার্চ ২০১৭ ॥

খাগড়াছড়ি জেলার পানছড়ি ইউনিয়নে সহযোগী সংস্থা 'ইয়ং পাওয়ার ইন সোশ্যাল অ্যাকশন (ইপসা)' কর্তৃক বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসূচির আওতায় পুনর্বাসিত উদ্যমী সদস্য (ভিক্ষুক) বাবু উদয়ন চাকমার মুদি দোকান পরিদর্শন করেন পিকেএসএফ-এর চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ ড. জাহেদা আহমদ, পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন এবং ইপসা'র প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ আরিফুর রহমান।



মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলাধীন পাঁচগাঁও ইউনিয়নে সহযোগী সংস্থা 'হীড বাংলাদেশ' কর্তৃক বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসূচির আওতায় পুনর্বাসিত একজন উদ্যমী সদস্যের দোকান পরিদর্শন করেন পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ।

মাতবর্য়ানা প্রতিষ্ঠায় সমৃদ্ধি

॥ ছবি: ০৩ ফেব্রুয়ারি ২০১৬ ॥



॥ ছবি: ০৩ ফেব্রুয়ারি ২০১৬ ॥

মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলাধীন পাঁচগাঁও ইউনিয়নে সহযোগী সংস্থা 'হীড বাংলাদেশ' কর্তৃক বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসূচির আওতায় পুনর্বাসিত একজন উদ্যমী সদস্যের দোকান পরিদর্শন শেষে ফটোসেশনে অংশগ্রহণ করেন পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।



॥ ছবি: ২৪ অক্টোবর ২০১৮ ॥

লক্ষ্মীপুর জেলার সদর উপজেলার লাহারকান্দি ইউনিয়নে সহযোগী সংস্থা 'সোপিরেট' কর্তৃক বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসূচির বিভিন্ন কার্যক্রম পরিদর্শনকালে উক্ত ইউনিয়নের দুইজন নারী সদস্যের সাথে আলাপ করছেন পিকেএসএফ-এর সম্মানিত চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। এ সময় তাঁর সাথে ছিলেন পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।



পিরোজপুর সদর
উপজেলার শিকদার
মল্লিক ইউনিয়নে সহযোগী
সংস্থা 'ডাক দিয়ে যাই'
কর্তৃক বাস্তবায়নাধীন
সমৃদ্ধি কর্মসূচির আওতায়
পুনর্বাসিত উদ্যমী সদস্য
আকুন্সর বেপারীর চায়ের
দোকান পরিদর্শনকালে
কুশল বিনিময় করছেন
পিকেএসএফ-এর মাননীয়
চেয়ারম্যান ড. কাজী
খলীকুজ্জমান আহমদ।
এ সময় উপস্থিত ছিলেন
বিশিষ্ট শিক্ষাবিদ ড.
জাহেদা আহমদ এবং
পিকেএসএফ-এর অতিরিক্ত
ব্যবস্থাপনা পরিচালক ড.
মোঃ জসীম উদ্দিন।





॥ ছবি: ১৯ মে ২০১৭ ॥

খাগড়াছড়ি জেলার পানছড়ি উপজেলার পানছড়ি ইউনিয়নে সহযোগী সংস্থা 'ইয়ং পাওয়ার ইন সোশ্যাল অ্যাকশন (ইপসা)' কর্তৃক বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসূচির আওতায় উদ্যমী সদস্যদের পুনর্বাসনের জন্য চেক প্রদান ও পারিবারিক স্যানিটারি ল্যাট্রিন বিতরণ অনুষ্ঠানের পর ফটোসেশনে অংশগ্রহণ করেন পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। এ সময় তাঁর সাথে ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ ড. জাহেদা আহমদ এবং পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।



॥ ছবি: ২০ মে ২০১৭ ॥

সহযোগী সংস্থা 'ইয়ং পাওয়ার ইন সোশ্যাল অ্যাকশন (ইপসা)' কর্তৃক চট্টগ্রাম জেলার সীতাকুণ্ড উপজেলাধীন সৈয়দপুর ইউনিয়নে বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসূচির আওতায় স্যানিটারি ল্যাট্রিন বিতরণ করেন পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। এ সময় উপস্থিত ছিলেন পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।



সামাজিক মূলধন গঠনে সমৃদ্ধি



সামাজিক যোগাযোগের কেন্দ্রবিন্দু হিসেবে কাজ করে সমৃদ্ধি কেন্দ্র। এই কেন্দ্রের ভবন নির্মাণের জন্য অর্থ প্রদান করে পিকেএসএফ এবং জমি প্রদান করেন স্থানীয় জনগণ। এই কেন্দ্রগুলি সামাজিক বিরোধ নিষ্পত্তি, যুবদের প্রশিক্ষণ, স্যাটেলাইট ক্লিনিক এবং সামাজিক মূলধন গঠনের জন্যও ব্যবহৃত হয়।



কমিউনিটি উন্নয়নমূলক কাজ

॥ ছবি: ১২ মে ২০১৭ ॥

পিকেএসএফ-এর সম্মানিত সভাপতি ড. কাজী খলীকুজ্জমান আহমদ খাগড়াছড়ি জেলার পানছড়ি উপজেলার পানছড়ি ইউনিয়নে সহযোগী সংস্থা 'ইয়ং পাওয়ার ইন সোশ্যাল অ্যাকশন (ইপসা)' কর্তৃক বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসূচিভুক্ত কমিউনিটি উন্নয়ন কার্যক্রম এর আওতায় স্থাপিত গভীর নলকূপ-এর শুভ উদ্বোধন করেন। এ সময় উপস্থিত ছিলেন পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।



চট্টগ্রাম জেলার সীতাকুণ্ড উপজেলার সৈয়দপুর ইউনিয়নে সহযোগী সংস্থা 'ইয়ং পাওয়ার ইন সোশ্যাল অ্যাকশন (ইপসা)' কর্তৃক পরিচালিত জবাফুল বৈকালিক পাঠদান কেন্দ্রের শিক্ষার্থীদের সাথে আনন্দঘন ফটোসেশনে পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। এ সময় উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ ড. জাহেদা আহমদ এবং পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।

সমৃদ্ধি কেন্দ্র ঘর

॥ ছবি: ২০ মে ২০১৭ ॥



॥ ছবি: ১৭ মার্চ ২০১৭ ॥

পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ বান্দরবান জেলার সদর উপজেলার সুয়ালক ইউনিয়নে সহযোগী সংস্থা 'ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (আইডিএফ)' কর্তৃক বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসূচিসহ পিকেএসএফ-এর বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনে মাননীয় চেয়ারম্যান সমৃদ্ধি কর্মসূচির আওতায় ৬নং ওয়ার্ডে স্থাপিত সমৃদ্ধি কেন্দ্র উদ্বোধন করেন ও একটি মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন। এ সময় তাঁর সাথে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ ড. জাহেদা আহমদ এবং পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।



॥ ছবি: ১৮ জানুয়ারি ২০১৭ ॥

নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার নিঝুমদ্বীপ ইউনিয়নে একটি সমৃদ্ধি কেন্দ্রের শুভ উদ্বোধন করেন পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। এ সময় অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ ড. জাহেদা আহমদ এবং পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।



‘সমৃদ্ধি’ ইউনিয়ন উদ্বোধন

॥ ছবি: ০৮ ফেব্রুয়ারি ২০১৮ ॥

চট্টগ্রামের হাটহাজারী উপজেলাধীন গড়দুয়ারা ইউনিয়নে সমৃদ্ধি কর্মসূচির শুভ উদ্বোধন করেন পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। এ সময় অন্যান্যদের মাঝে পিকেএসএফ-এর তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আবদুল করিম এবং পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন উপস্থিত ছিলেন।



‘সমৃদ্ধি’ কেন্দ্র উদ্বোধন

॥ ছবি: ৩১ জানুয়ারি ২০১৭ ॥

কক্সবাজারের মহেশখালী উপজেলাধীন কালারমারছড়া ইউনিয়নে সমৃদ্ধি কর্মসূচির শুভ উদ্বোধন করেন পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। এ সময় তাঁর সাথে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ ড. জাহেদা আহমদ, পিকেএসএফ-এর তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আবদুল করিম এবং পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।



সমৃদ্ধ কেন্দ্র পরিদর্শন

॥ ছবি: ০২ জুন ২০১৭ ॥

সহযোগী সংস্থা 'সজাগ' কর্তৃক ঢাকা জেলার ধামরাই উপজেলাধীন সোমভাগ ইউনিয়নে বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসূচির বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন পিকেএসএফ-এর সম্মানিত চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। এ সময় তাঁর সাথে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের তৎকালীন এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক জনাব মোঃ আবুল কালাম আজাদ, এনজিও বিষয়ক ব্যুরোর তৎকালীন মহাপরিচালক জনাব খন্দকার রাকিবুর রহমান এবং পিকেএসএফ-এর তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আবদুল করিম।



কক্সবাজারের কুতুবদিয়া উপজেলাধীন উত্তর ধুরং ইউনিয়নে একটি ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ কেন্দ্র শুভ উদ্বোধন করেন পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। এ সময় তাঁর সাথে ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ ড. জাহেদা আহমদ, পিকেএসএফ-এর তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আবদুল করিম এবং পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।

কমিউনিটি উন্নয়ন কাজে 'সমৃদ্ধি'

॥ ছবি: ৩০ জানুয়ারি ২০১৭ ॥

পরিবেশ সংরক্ষণে সমৃদ্ধি



পরিবেশসম্মতভাবে প্রতিটি বসতবাড়ির বিজ্ঞ সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে এর উৎপাদনশীলতা বৃদ্ধি করার প্রয়াস থেকে উদ্ভূত হয়েছে 'সমৃদ্ধ বাড়ি'র ধারণা। এসব বাড়িতে গবাদি পশু, হাঁস-মুরগি ও কবুতর পালন; শাকসবজি উৎপাদন; লেবু, সাডবে ডাটা, ফলমূল ও অন্যান্য গাছপালার সাথে ঔষধি বৃক্ষ রোপণসহ বিভিন্ন অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালনা করা হয়। এছাড়া সমৃদ্ধিভুক্ত ইউনিয়নসমূহে আগ্রহী সদস্যদের বাড়িতে পরিবেশবান্ধব সোলার হোম সিস্টেম ও বন্ধুচুলা স্থাপন করা হয়।



মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর
ইউনিয়নে সহযোগী সংস্থা ‘দারিদ্র্য
বিমোচন সংস্থা (ডিবিএস)’ কর্তৃক
বাস্তবায়িত সমৃদ্ধি কর্মসূচির বিভিন্ন
কার্যক্রম পরিদর্শন শেষে একটি আমের
চারা রোপণ করেন পিকেএসএফ-
এর মানবীয় চেয়ারম্যান ড. কাজী
খলীকুজ্জামান আহমদ। এ সময়
অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন
বিশিষ্ট শিক্ষাবিদ ড. জাহেদা আহমদ,
পিকেএসএফ-এর তৎকালীন ব্যবস্থাপনা
পরিচালক জবার মোঃ আবদুল করিম
এবং পিকেএসএফ-এর অতিরিক্ত
ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম
উদ্দিন।

॥ ছবি: ১৬ জুলাই ২০১৭ ॥

মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলাধীন পাঁচগাঁও ইউনিয়ন সহযোগী সংস্থা 'হীড বাংলাদেশ' কর্তৃক আয়োজিত একটি উন্নয়ন মেলা পরিদর্শন করেন পিকেএসএফ-এর সম্মানিত চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। পিকেএসএফ-এর তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আবদুল করিম এবং পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।



॥ ছবি: ১৪ অক্টোবর ২০১৫ ॥



॥ ছবি: ০২ মে ২০১৬ ॥

পিরোজপুর জেলার পাড়েরহাট উপজেলাধীন ইন্দুরকানি ইউনিয়নে সহযোগী সংস্থা 'উদ্দীপন' কর্তৃক বাস্তবায়নধীন সমৃদ্ধি কর্মসূচির বিভিন্ন কার্যক্রম পরিদর্শন শেষে উক্ত ইউনিয়নের ৯নং ওয়ার্ড সমৃদ্ধি কেন্দ্রের সামনে একটি অর্জুন গাছের চারা রোপণ করেন পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ।



সমৃদ্ধ বাড়ির মডেল পরিদর্শন

॥ ছবি: ০১ মার্চ ২০১৭ ॥

খুলনা জেলার বটিয়াঘাটা উপজেলার জলমা ইউনিয়নে সহযোগী সংস্থা 'উন্নয়ন' কর্তৃক আয়োজিত সমৃদ্ধি মেলায় প্রদর্শিত একটি সমৃদ্ধ বাড়ির মডেল পরিদর্শন করেন পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। এ সময় তাঁর সাথে ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ ড. জাহেদা আহমদ এবং পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।



নরসিংদী জেলার মনোহরদী উপজেলার শুকুন্দি ইউনিয়নে সহযোগী সংস্থা 'ডাম ফাউন্ডেশন ফর ইকোনমিক ডেভেলপমেন্ট (ডিএফইডি)' আয়োজিত বিষমুক্ত সবজির প্রদর্শনী ঘুরে দেখছেন পিকেএসএফ-এর মাননীয় চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ।

বিষমুক্ত সবজি চাষে উদ্বুদ্ধকরণ

॥ ছবি: ১০ মার্চ ২০১৮ ॥



নোয়াখালী জেলার
হাতিয়া উপজেলাধীন
নিঝুম দ্বীপ ইউনিয়নে
সহযোগী সংস্থা
'দ্বীপ উন্নয়ন সংস্থা'
আয়োজিত সমৃদ্ধি
উন্নয়ন মেলায় বিভিন্ন
স্টল ঘুরে দেখছেন
পিকেএসএফ-এর
সম্মানিত চেয়ারম্যান
ড. কাজী খলীকুজ্জমান
আহমদ।

॥ ছবি: ১৮ জানুয়ারি ২০১৭ ॥





নরসিংদী জেলার
মনোহরদী উপজেলার
শুকুন্দি ইউনিয়নে
সহযোগী সংস্থা
'ডাম ফাউন্ডেশন
ফর ইকোনমিক
ডেভেলপমেন্ট
(ডিএফইডি)' আয়োজিত
একটি প্রদর্শনী ঘুরে
দেখছেন পিকেএসএফ-
এর মাননীয় চেয়ারম্যান
ড. কাজী খলীকুজ্জমান
আহমদ।

॥ ছবি: ১০ মার্চ ২০১৮ ॥



প্রবীণদের সামাজিক সুরক্ষায় সমৃদ্ধি



প্রবীণদের বিভিন্ন স্বাস্থ্যসেবা, বিশেষ ঋণ, আয়বৃদ্ধিমূলক প্রশিক্ষণ ইত্যাদি কার্যক্রমের মাধ্যমে প্রবীণদের জীবন আরও সহজ ও নিরাপদ করার লক্ষ্যে সমস্যাগুলো যথাযথভাবে চিহ্নিত করে তা সমাধানের লক্ষ্যে পিকেএসএফ ২০১৬ সাল থেকে 'প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি' বাস্তবায়ন করে আসছে।



জীবন-সহায়ক
সামগ্রী বিতরণ

॥ ছবি: ২৫ অক্টোবর ২০১৮ ॥

নোয়াখালী জেলার সুবর্ণচর উপজেলাধীন চর আমানুল্লাহ ইউনিয়নে সহযোগী সংস্থা 'সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা' আয়োজিত এক অনুষ্ঠানে একজন পক্ষাঘাতগ্রস্ত প্রবীণকে একটি হুইলচেয়ার প্রদান করেন পিকেএসএফ-এর সম্মানিত চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ ।



চট্টগ্রাম জেলার সীতাকুণ্ড উপজেলার সৈয়দপুর ইউনিয়নে সহযোগী সংস্থা 'ইয়ং পাওয়ার ইন সোশ্যাল অ্যাকশন (ইপসা)' আয়োজিত প্রতিবন্ধী জনগোষ্ঠীর সম্মেলনে জনৈক প্রবীণের সাথে কুশল বিনিময় করছেন পিকেএসএফ-এর সম্মানিত চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ ।


প্রবীণদের সাথে মতবিনিময়

॥ ছবি: ২০ মার্চ ২০১৭ ॥

সমৃদ্ধি'র পথে, সমৃদ্ধ বাংলাদেশের স্বপ্ন নিয়ে



সমৃদ্ধি কর্মসূচি সমন্বিত উন্নয়ন প্রক্রিয়ার মাধ্যমে সংশ্লিষ্ট জনগণের টেকসই দারিদ্র্য বিমোচন ও আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। নতুন উদ্ভবনে উৎসাহিতকরণ, উন্নততর প্রযুক্তি ব্যবহারের প্রসার, মানবসম্পদ ও মানবাধিকারের বিকাশ এবং সর্বোপরি বাংলাদেশের সকলের মানব-মর্যাদা প্রতিষ্ঠিত হওয়ার ক্ষেত্রে সম্মত সকল ধরনের কার্যক্রম বাস্তবায়নে এই কর্মসূচি কাজ করছে।



টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অম্মাশ্রি মৌখের পরিদর্শন বইতে স্বাক্ষর করছেন দিকে এম এফ-এর মাননীয় চেয়ারম্যান মহোদয়।



টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অম্মাশ্রি মৌখ পরিদর্শন এবং মাজার জিয়ারতক্রমে দিকে এম এফ-এর মাননীয় চেয়ারম্যান মহোদয়।



শ্রীলঙ্কা ও মাংস্কৃতিক কার্যক্রমের আওতাধীন দেশের বিভিন্ন ই-ডনিয়নে আয়োজিত অন্তর্ভুক্তি অংশগ্রহণ করেন দিকে এম এফ-এর চেয়ারম্যান মহোদয়





দিকে এম এফ-এর পর্ষদ সভার সদস্যদের নিয়ে ঢাকা জেলার খামরাই ইউজেন্ডাশ্রী মোমভাগ ইউনিয়নে মহাশয়ী অংস্কা ‘অজাঙ্গ’ কার্তিক বাস্তুবায়িত্ত অমুদ্রিত্ত কর্মসূচির বিভিন্ন কার্যক্রম পরিদর্শনকালে দিকে এম এফ-এর মাননীয় চেয়ারম্যান মহোদয়। অমুদ্রিত্ত কর্মসূচির আফিলে ইউজেন্ডাশ্রী এলাকাবাসী অগ্নানিত্ত পর্ষদ সদস্যদের ছুলের মানা দিয়ে বরণ করেন।





অমৃতধি কর্মসূচির মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন করছেন
দিক্বে এম এফ-এর মাননীয় চেয়ারম্যান মহোদয়।





চট্টগ্রামে সমৃদ্ধি কর্মসূচির আওতাধীন
আয়োজিত উন্নয়ন মেলা
পরিদর্শনকালে দিফে-এম-এফ-এর
মাননীয় চেয়ারম্যান মহোদয়।



খুলনা জেলায় অমৃত্ত্বি কর্মসূচির মাঠ পর্যায়ের নানা কার্যক্রম পরিদর্শনকালে দিকে-এম-এফ-এর চেয়ারম্যান মহোদয়ের সাথে খুলনা-২ আসনের আবেক এমপি জনাব দফানন বিশ্বাস।



মাঠ পর্যায়ে পরিদর্শনকালে অমৃত্ত্বি শিক্ষা-মহায়তা কেন্দ্রের শিক্ষার্থীদের নিয়ে আয়োজিত ক্রীড়া প্রতিযোগিতার এক ক্ষুদ্র বিজয়ীর হাতে পুরস্কার তুলে দিচ্ছেন দিকে-এম-এফ-এর মাননীয় চেয়ারম্যান মহোদয়।



কক্সবাজার জেলায় অমৃত্ত্বি কর্মসূচির বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন দিফে এম এফ-এর মাননীয় চেয়ারম্যান মহোদয়। এ সময় তাঁর সাথে ছিলেন কক্সবাজার-২ আমনের মাবেক এমদি জনাব আশেক উল্লাহ রফিক।





বিশেষ শ্রহবিন কর্মসূচির অংশতাম অহযোজী
অংস্মা 'বেকে-এম' কতৃক পরিচালিত একটি
অফহোম পরিদর্শন করেন দিকে-এম-এফ-এর
মাননীয় চেয়ারম্যান মহোদয়।





নোয়াখালী জেলার নিকুমদ্বীপ ই-ইন্ডিয়েনে
 অমূল্য কর্মসূচির বিভিন্ন কার্যক্রম
 পরিদর্শনকালে দিকে-এম-এফ-এর
 মাননীয় চেয়ারম্যান মহোদয় ।



কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণ ও টেকসই উন্নয়নের লক্ষ্য নিয়ে “লাভের জন্য নয়” প্রতিষ্ঠান হিসেবে ১৯৯০ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) প্রতিষ্ঠা করে। পিকেএসএফ-এর যাত্রা শুরুর সময়ে দেশে একটি প্রচলিত ধ্যান-ধারণা ছিল যে, শুধু ক্ষুদ্রঋণের মাধ্যমেই দারিদ্র্য নিরসন সম্ভব। সেই আঙ্গিকে পিকেএসএফ তার সহযোগী সংস্থা (মূলত এনজিও)-দের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর জন্য শুধু ক্ষুদ্রঋণ প্রদান এবং ক্ষেত্রবিশেষে কিছু কারিগরি-সহায়তা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনাকারী অর্থাৎ, মূলত একটি অনুযঙ্গ যথা ক্ষুদ্রঋণ প্রদান করার জন্য অর্থ সরবরাহকারী প্রতিষ্ঠান হিসেবে কাজ করতে থাকে।

তবে মানুষের জীবন, দারিদ্র্য ও উন্নয়ন বহুমাত্রিক। সে কারণে শুধুমাত্র ক্ষুদ্রঋণের মাধ্যমে উল্লেখযোগ্যভাবে দারিদ্র্য হ্রাস করা সম্ভব নয়, আর টেকসই আর্থ-সামাজিক অগ্রগতিতে নয়ই। বিভিন্ন গবেষণা থেকে দেখা যায়, দরিদ্র ক্ষুদ্রঋণগ্রহীতাদের ১০ শতাংশের বেশি দারিদ্র্যসীমার ওপরে উঠতে পারেননি। প্রকৃত অর্থে দারিদ্র্য দূরীকরণের জন্য স্বাস্থ্যসেবা, পুষ্টি, শিক্ষা, প্রশিক্ষণ, সচেতনতা বৃদ্ধি, অবকাঠামো এবং অর্থকরী কর্মকাণ্ডসহ দরিদ্র মানুষের জীবন-জীবিকা সংশ্লিষ্ট অন্যান্য অনুযঙ্গ নিয়ে সমন্বিত কর্মসূচি গ্রহণ করা প্রয়োজন। অবশ্যই প্রয়োজনমত অর্থায়ন এ সমন্বিত কর্মসূচির একটি গুরুত্বপূর্ণ অনুযঙ্গ।

উপর্যুক্ত প্রেক্ষাপটে পিকেএসএফ-এর বর্তমান চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ প্রদত্ত ধ্যান-ধারণা ও মৌলিক কাঠামোর ভিত্তিতে ২০১০ সালে থেকে তৃণমূল পর্যায়ে দরিদ্র পরিবারসমূহকে লক্ষ্যভুক্ত করে সামগ্রিকভাবে দারিদ্র্য বিমোচন-উদ্দীষ্ট “দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবারসমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি) এবং ইংরেজিতে “Enhancing Resources and Increasing Capacities of Poor Households Towards Elimination of their Poverty (ENRICH)” শীর্ষক একটি সমন্বিত কর্মসূচি গ্রহণ করে। এই কর্মসূচির প্রধান উদ্দেশ্য হচ্ছে, অংশগ্রহণকারী পরিবারগুলোর বর্তমান সম্পদ ও সক্ষমতা বিবেচনা করে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তার মাধ্যমে তাদেরকে ক্ষমতায়িত করা, যাতে তারা প্রথমে তাদের প্রাপ্ত সম্পদ ও সক্ষমতার সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে পারেন এবং ক্রমে তাদের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি করে দারিদ্র্যের বেড়া জাল থেকে বেরিয়ে এসে টেকসই ভিত্তিতে আর্থ-সামাজিকভাবে এগিয়ে যেতে পারেন এবং প্রত্যেকে মানব মর্যাদায় প্রতিষ্ঠিত হতে পারেন। স্বাধীনতা যুদ্ধের সময়কার মূলমন্ত্র ‘এবারের সংগ্রাম, মুক্তির সংগ্রাম’কে হৃদয়ে ধারণ করে বর্তমান সরকারের কল্প-২০২১ (Vision-২০২১)-এ বিধৃত মানবকেন্দ্রিক উন্নয়নের মূল ধারণা সমৃদ্ধি কর্মসূচিতে প্রতিফলিত হয়েছে।





পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)
পিকেএসএফ ভবন, ই-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা,
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশে
ফোন: +৮৮০-২-৮১৮১৬৫৮-৬১, ৮১৮১৬৬৪-৬৯
ফ্যাক্স: +৮৮০-২-৮১৮১৬৭৮,
ই-মেইল: pksf@pksf-bd.org
ওয়েবসাইট: www.pksf-bd.org
ফেসবুক: www.facebook.com/PKSF.org